



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

স্মারক নং-১১৪২/ক/অন:/২৩/২০২৪

তারিখ: ২৬/০৪/২০২৪

বিষয় : ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর মঞ্জুরী কমিটির ৫ম সভার সিদ্ধান্ত নং-০৯ তারিখ: ১৪/০৩/২০২৪ ও ২৩০ তম বোর্ড সভার অনুমোদনক্রমে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে এবং নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ ঢাকা মহানগরীর সবুজবাগ থানাধীন “ধর্মরাজিক উচ্চ বিদ্যালয় ও কলেজ” কে ২০২৪-২৫ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

## শাখাসমূহ :

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

## বিষয়সমূহ :

আবশ্যিক :

১. বাংলা
২. ইংরেজি
৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :

১. পৌরনীতি ও সুশাসন
২. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৩. সমাজকর্ম
৪. ইতিহাস

ব্যবসায় শিক্ষা :

১. হিসাববিজ্ঞান
২. ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা
৩. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৪. উৎপাদন, ব্যবস্থাপনা ও বিপণন

বিজ্ঞান :

১. পদার্থবিজ্ঞান
২. রসায়ন
৩. জীববিজ্ঞান
৪. উচ্চতর গণিত

## শর্তসমূহ :

- ১। এই অনুমতির মেয়াদ আগামী ০৩ (তিন) বছর কার্যকর থাকবে;
- ২। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;
- ৩। কলেজের সার্বিক ব্যয় নির্বাহের জন্য সাধারণ তহবিলে সবসময় ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার স্থিতি বজায় রাখতে হবে;
- ৪। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ৫। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ৬। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৭। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৮। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে এবং কোন শর্ত প্রতিপালনের ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
- ৯। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
- ১০। চলতি ম্যানেজিং কমিটির মেয়াদ উত্তীর্ণের ০৩ (তিন) মাস পূর্বে নিয়মিত গভর্নিং বডি গঠন করতে হবে

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

- ১১। অতিসত্ত্বর কোড নম্বর সংগ্রহের জন্য বোর্ডে আবেদন করতে হবে।
- ১২। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ১৩। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ১৪। উচ্চ মাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। ভার্শন: বাংলা, সহশিক্ষা আসন সংখ্যা- মানবিক-৫০ জন, ব্যবসায় শিক্ষা-৫০ জন এবং বিজ্ঞান শাখায় ৫০ জন।
- ১৫। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ১৬। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে :
  - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট
  - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট
  - (গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ।
- ১৭। ‘বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ (সংশোধিত-২০২৩)’ অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- ১৮। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



প্রফেসর মোহাম্মদ আবুল মনসুর-জুঁঞা

কলেজ পরিদর্শক (অতি: দা:) ও বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৫৮৬১২৪৭৬

ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)/প্রধান শিক্ষক

“ধর্মরাজিক উচ্চ বিদ্যালয় ও কলেজ”

(DHARMARAJIKA HIGH SCHOOL AND COLLEGE)

পো: বাসাবো, থানা: সবুজবাগ, জেলা: ঢাকা মহানগরী।

মেমো নং-১৬৮(২)

তারিখ: ২৮/০৫/২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৭। উপজেলা শিক্ষা অফিসার, সাভার, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।



কলেজ পরিদর্শক (অতি: দা:)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

